



(Handwritten signature/initials)

**জাকসু'র নির্বাচন
অনুষ্ঠিত**

(বিশ্ববিদ্যালয় সংবাদপত্র)

গতকাল জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ জাকসু'র ৩৬টি হল সংসদের নির্বাচন কড়া নিরাপত্তার মধ্যে শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়। রোববার থেকেই বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অনুমোদিত যানবাহন ছাড়া অন্য কোন যানবাহন ক্যাম্পাসের মধ্যে চলাচল করতে দেয়া হয়নি।

সকল আনুষ্ঠানিক হলের ভোটকেন্দ্রসহ ক্যাম্পাসে প্রায় এক হাজার পুলিশের উপস্থিতিতে সকাল ৯টা থেকে বিকেল ৩টা পর্যন্ত ভোট গ্রহণ করা হয়।

সন্ধ্যা সাড়ে ৬টায় বিশ্ববিদ্যালয় কলা ও মানবিক অনুষদ ভবনে কড়া নিরাপত্তার মধ্যে ভোট গণনা শুরু হয়। এ রিপোর্ট দেখা পর্যন্ত ফলাফল জানা যায়নি।
(শেষ পৃ: ৩-এর ক: স:)

**জাকসু নির্বাচন
(১ম পর্টার পর)**

গণনা কেন্দ্রের ২নং গঞ্জের মধ্যে ১৪৪ ধারা জারি রয়েছে। নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে, মোট ২,২০৫ জন ভোটারের মধ্যে ১,৯১৮ জন অর্থাৎ ৮৬ শতাংশ ৮৯ শতাংশ ভোটার ভোট দিয়েছে।

ক্রাস বন্ধ ঘোষণা

উপাচার্য নির্বাচন উপলক্ষে ২রা মার্চ পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের ক্রাসসমূহ বন্ধ ঘোষণা করেছেন। বেশীর ভাগ ছাত্র-ছাত্রী হল ছেড়ে চলে গেছে। কর্তৃপক্ষের পর্ব-বর্তী নির্দেশ না পাওয়া পর্যন্ত ক্যাম্পাসে পুলিশ মোতায়েন থাকবে।